

উপেনের জমি

অবহেলা সহিছি অনেকআজন্মকাল
কনুই মেরে পথ কেটে যাও, যাও না, তোমায়
বলছি কিছু ? যাও না, তবে এটুকু জেনো-
জমি আমার ।

সবুজ গাড়ি তোমার যে নয় সেটা জানি
লাল সবুজের নিশানআমার;
আমার মুখেই উড়াও ধূলা, দেখছি তাও ।

নীল চোখে নয় রাখলে দু চোখ অল্প আলোয়
বলছি কিছু ?
সব সয়ে যাই জানি বলে-
জমি আমার ।

মাটিতো আর যায় না উড়ে আকাশ ফুঁড়ে
ভাড়াটিয়া যায় আর আসেদণ্ড দুয়েক
আর কিছু নয় । খাজনাপাতি নাই বা দিলে
খাচ্ছে করে, খাচ্ছে সবাই, হিসেবপাতি নাই বা দিলে
তাই বলে কি ভুললে চলে-
জমি আমার ।

আঘাতগুলো জমছে যেনতসবিদানা
একের পর এক সাজানো-ভুললে তো হে আর চলে না-
জমি আমার ।
যেথায় তোমার পা রেখেছোসেইটুকু আর
যেখানে তে রাখবে দুপা সেজমিও
একলা চলি একলা বাসে দিব্যিতবু এটুকু জানি
জমি আমার ।

খায় লআলম সবুজ

